DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে


সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF) ▯ তৈরি: 13 Sep 2026, 01:32 PM

তথ্য প্রযুক্তি

# ৭.৭ মাত্রার শক্তিশালী ভূমিকম্পে কাঁপল ইন্দোনেশিয়া

প্রতিবেদক: আন্তর্জাতিক ডেস্ক
প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৫:২৩ PM



ইন্দোনেশিয়ার ফ্লোরেস অঞ্চলে ৭ দশমিক ৭ মাত্রার শক্তিশালী ভূমিকম্প হয়েছে। এ ভূমিকম্পের পর সুনামির আশঙ্কায় স্থানীয় বাসিন্দাদের নিরাপদ স্থানে সরে যাওয়ার নির্দেশ দেওয়া হয়। পরে সুনামি সতর্কতা প্রত্যাহার করা হয়েছে।

স্থানীয় সময় শনিবার ভোর ৪টা ৫৮ মিনিটের দিকে ভূমিকম্পটি আঘাত হানে। এর কেন্দ্র ছিল পূর্ব নুসা তেংগারা প্রদেশের নাগেওকেও এলাকার কাছে।

ভূমিকম্পটির গভীরতা ছিল মাত্র ১৫ কিলোমিটার। কেন্দ্রটি নাগেওকেওর মবায়ে শহর থেকে প্রায় ৩০ কিলোমিটার উত্তর-পূর্বে ছিল।

ইন্দোনেশিয়ার আবহাওয়া, জলবায়ু ও ভূ-পদার্থবিজ্ঞান সংস্থা (বিএমকেজি) জানায়, ভূমিকম্পটির পর সুনামি সৃষ্টির সম্ভাবনা দেখা দিয়েছিল। এ কারণে কয়েকটি এলাকায় সতর্কতা জারি করা হয়।


পূর্ব নুসা তেংগারা, দক্ষিণ সুলাওয়েসি ও পশ্চিম নুসা তেংগারা প্রদেশে ভূমিকম্পটির প্রভাব পড়তে পারে বলে সতর্ক করা হয়েছিল। ঝুঁকিপূর্ণ

এলাকার বাসিন্দাদের দ্রুত নিরাপদ স্থানে সরে যেতে বলা হয়।

তবে কিছুক্ষণ পর পরিস্থিতির নতুন তথ্য জানায় বিএমকেজি। সংস্থাটি জানায়, ৭ দশমিক ৭ মাত্রার ভূমিকম্পকে কেন্দ্র করে জারি করা সুনামি সতর্কতা আনুষ্ঠানিকভাবে প্রত্যাহার করা হয়েছে।

---

## এ বিভাগের আরও খবর




### এআইয়ের নকশায় তৈরি হলো নতুন ভাইরাস

কৃত্রিম বুদ্ধিমত্তা বা এআইয়ের ব্যবহার এতদিন মূলত লেখা, ছবি, সফটওয়্যার কিংবা তথ্য বিশ্লেষণের মধ্যেই সীমাবদ্ধ ছিল। এবার জীববিজ্ঞানের আরও গভীরে...




### যদি হঠাৎ হারিয়ে যায় চাঁদ, কী ঘটবে পৃথিবীতে?

রাতের আকাশে আলো ছড়ানো চাঁদ আমাদের চেনা পৃথিবীর এক অবিচ্ছেদ্য অংশ। ভাবুন তো একবার, যদি হঠাৎ চাঁদ গায়েব হয়ে যায় তাহলে কেমন হবে আমাদের পৃথিবী,...



### এ সপ্তাহেই দিন হবে রাতের মতো: বিরল এই সূর্যগ্রহণ দেখতে নতুন পরীক্ষা চালাচ্ছেন বিজ্ঞানীরা

সূর্যের সবচেয়ে বাইরের স্তর করোনা সম্পর্কে আরো দ্রুত ও বিস্তারিত তথ্য সংগ্রহের লক্ষ্যে নতুন একটি বৈজ্ঞানিক যন্ত্র তৈরি করেছেন ইতালির একদল গবে...




### ফ্রিতে ভেরিফায়েড ব্যাজ দিচ্ছে ফেসবুক, পাবেন যেভাবে

দিন দিন বেড়েই চলেছে এইআই দিয়ে তৈরি ভুয়া প্রোফাইল, ছবি, ভিডিও, নানা রকম গুজব। এর ফলে ছড়াচ্ছে বিভ্রান্তি এবং নানান সমস্যা।ব্যক্তি পর্যায় থেকে...

---

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://www.dhakaprobe.com/ict-/77-matrar-shktishali-bhumikmpe-kanpl-indoneshiya